# দেশে ফিরলেই শেখ হাসিনার মৃত্যুদণ্ড কার্যকর করতে হবে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মামলার রায়ের বিরুদ্ধে আপিলের সুযোগ আর নেই। দেশে ফিরলে তাকে গ্রেপ্তার করে আদালতের রায় কার্যকর করা উচিত বলেও মন্তব্য করেন তিনি।

বুধবার (১৫ জুলাই) জুলাই আন্দোলনের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফফর আহমদ অডিটোরিয়ামে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, রায়ের পর নির্ধারিত সময়ের মধ্যে আপিল না হওয়ায় এখন আর আপিলের সুযোগ নেই বলে তিনি মনে করেন। একই সঙ্গে তিনি বিচার প্রক্রিয়ায় দ্রুত অগ্রগতির প্রত্যাশা ব্যক্ত করেন।

এসময় তিনি ১৫ জুলাইয়ের হামলার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান। পাশাপাশি জুলাই আন্দোলনের চেতনায় বৈষম্যহীন, গণতান্ত্রিক ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গড়ার আহ্বানও জানান তিনি।

LENS ASIA